



সংসদে নারীর আসন ১০০ করতে ঐকমত্য হলেও এখনই সরাসরি নির্বাচনের ক্ষেত্রে নারাজ বিএনপি



সংগৃহীত ছবি

সংবিধানের ৭০ অনুচ্ছেদ সংশোধনের ব্যাপারে রাজনৈতিক দলগুলো ঐকমত্যের মধ্যে এসেছে বলে জানিয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। আজ দুপুরে এক প্রেস ব্রিফিংয়ে মাধ্যমে তিনি গণমাধ্যমকে এই কথা জানান। নারী আসনের সংখ্যা ১০০ তে উন্নীত করার বিষয়েও সকলের ঐকমত্য হয়েছে বলেও জানিয়েছেন তিনি।

সংসদ সদস্যদের ভোটাধিকার প্রসঙ্গে জনাব সালাহউদ্দিন আহমেদ বলেন, “আস্থাভোট ও অর্থবিল ছাড়া সংসদ সদস্যরা দলের বিপক্ষে ভোট দিতে পারবেন। তবে বিএনপি এখনো তাদের লিখিত অবস্থানে রয়েছে।” তিনি আরো জানান, “কয়েকটি দল সংবিধান সংশোধনের পক্ষে মত দিয়েছে। বিএনপির পক্ষ থেকে বলা হয়েছে, জাতীয় নিরাপত্তা (যুদ্ধ পরিস্থিতি) বিষয়ে একটি প্রস্তাব সংবিধানে যুক্ত করার বিষয়টি দলের নির্বাচনী ইশতেহারে থাকবে এবং নির্বাচনে বিজয়ী হলে বিএনপি সেই অনুযায়ী সংবিধান সংস্কার করবে।” এছাড়াও ইসলামী আন্দোলন বাংলাদেশের সিনিয়র যুগ্ম মহাসচিব গাজী আতাউর রহমান বলেছেন, “সংবিধানের ৭০ অনুচ্ছেদের বিষয়ে ঐকমত্য হয়েছে। আস্থা ভোট এবং অর্থ বিল ছাড়া ভোট দিতে পারবেন।”

এইবারের বৈঠকে সংসদে নারী প্রতিনিধির সংখ্যা বৃদ্ধি ও নির্বাচন প্রক্রিয়া নির্ধারণের ব্যাপারেই গুরুত্বারোপ করা হয়েছে। বর্তমানে সংসদে নারীদের জন্য ৫০টি সংরক্ষিত আসন রয়েছে, যা পরোক্ষ নির্বাচনের মাধ্যমে পূরণ করা হয়। এখন প্রায় সকল রাজনৈতিক দলই সেই সংখ্যা ১০০ তে উন্নীত করার ব্যাপারে একমত হয়েছে, তবে নির্বাচন পদ্ধতি কেমন হবে সে বিষয়ে এখনো আলোচনা চলছে। তার আগে এপ্রিলে নারীবিষয়ক সংস্কার কমিশন সংসদে নারীদের জন্য সংরক্ষিত আসন সংখ্যা ৫০ এর বদলে ৩০০ করার প্রস্তাব করেছিল।